চলে ছলোছলো নদীধারা নিবিড় ছায়ায় কিনারায় কিনারায় ।
ওকে মেঘের ডাকে ডাকল সুদূরে, 'আ য় আ য় আয় ।'
কূলে প্রফুল্ল বকুলবন ওরে করিছে আবাহন—
কোথা দূরে বেণুবন গায়, 'আ য় আ য় আয় ॥'
তীরে তীরে, সখী, ওই-যে উঠে নবীন ধান্য পুলকি ।
কাশের বনে বনে দুলিছে ক্ষণে ক্ষণে—
গাহিছে সজল বায়, 'আ য় আ য় আয় ॥'

---

Parjaay: Prakriti / Borsha, Taal: Khemta, Raag: Kalingara

Visit www.geetabitan.com for notation and other detail